

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহাপরিচালক এর কার্যালয়  
সংগ্রহ শাখা  
বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।

নং-৫৪.০১.০০০০.০১৩.০২২.২০২০ - ২৪৫

তারিখঃ ২২.০৬.২০২২

বিষয়ঃ বাংলাদেশ রেলওয়ের প্রকৌশল এবং সংকেত ও টেলিযোগাযোগ বিভাগের আওতায় e-GP সিস্টেমে আহবানকৃত দরপত্রসমূহ যথাযথ সময়ের মধ্যে মূল্যায়ন সমাপ্তকরণ প্রসঙ্গে।

বাংলাদেশ রেলওয়ের প্রকৌশল এবং সংকেত ও টেলিযোগাযোগ বিভাগের আওতায় e-GP সিস্টেমের মাধ্যমে দরপত্র আহবান, মূল্যায়ন ও প্রক্রিয়াকরণ কার্যক্রম পরিচালিত হচ্ছে। পিপিআর-২০০৮, তফসিল-৩ এর 'ক' অংশে নির্ধারিত সময়সীমার মধ্যে দরপত্র/প্রস্তাব মূল্যায়নের উল্লেখ রয়েছে (কপি সংযুক্ত)। এছাড়া পিপিআর-২০০৮ উপ-বিধি ৩৬(৬) এ নির্ধারিত সময়সীমা মেনে চলার বিষয়ে নিম্নরূপ বর্ণিত রয়েছেঃ


“দরপত্র উন্মুক্ত করিবার সময় হইতে চুক্তি সম্পাদনের নোটিশ জারীর সময় পর্যন্ত কার্যাদি সম্পন্নের জন্য ক্রয়কারী, মূল্যায়ন কমিটি এবং অনুমোদনকারী কর্তৃপক্ষ তফসিল-৩ এর 'ক' অংশে উল্লিখিত সময়সীমা অনুসরণ করিবে।”

e-GP সিস্টেমের মাধ্যমে আহবানকৃত দরপত্রসমূহের ক্ষেত্রেও উক্ত তফসিল-৩ (Schedule-III) এর 'ক' অংশে উল্লিখিত সময়সীমা প্রযোজ্য হবে। অধিকন্তু, e-GP সিস্টেমের মাধ্যমে আহবানকৃত দরপত্রসমূহের ক্ষেত্রে সাধারণত সরাসরি ব্যাংকিং চ্যানেলে জমাদানকৃত দরপত্র জামানত যাচাইয়ের প্রয়োজন হয় না। তাই অধিকতর সহজ হওয়া সত্ত্বেও e-GP সিস্টেমের মাধ্যমে আহবানকৃত দরপত্রসমূহের মূল্যায়নে সময়সীমা অতিক্রমের বিষয়টি কর্তৃপক্ষের দৃষ্টিগোচর হয়েছে-যা গ্রহণযোগ্য নয়।

বর্ণিতাবস্থায়, বাংলাদেশ রেলওয়ের প্রকৌশল এবং সংকেত ও টেলিযোগাযোগ বিভাগের আওতায় e-GP সিস্টেমের মাধ্যমে দরপত্র আহবান, মূল্যায়ন ও প্রক্রিয়াকরণ কার্যক্রম পিপিআর-২০০৮, তফসিল-৩ এর 'ক' অংশে নির্ধারিত সময়সীমার মধ্যে সম্পন্ন প্রয়োজনীয় ব্যবস্থাগ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো। ভবিষ্যতে অযৌক্তিক বিলম্বের বিষয়ে সংশ্লিষ্টদের বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হবে।

এতে মহাপরিচালকের মহোদয়ের সম্মতি রয়েছে।

সংযুক্তিঃ বর্ণনামত।

  
২২/০৬/২০২২  
(মোঃ হাসিবুল মাহমুদ)  
উপ-পরিচালক (সংগ্রহ)

বিতরণঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ১। প্রধান প্রকৌশলী (পূর্ব ও পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম ও রাজশাহী।
- ২। প্রধান সংকেত ও টেলিযোগাযোগ প্রকৌশলী (পূর্ব ও পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম ও রাজশাহী।

অনুলিপিঃ (সদয় জ্ঞাতার্থে-জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ১। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
- ২। মহাব্যবস্থাপক (পূর্ব ও পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম ও রাজশাহী।
- ৩। প্রধান সংকেত ও টেলিযোগাযোগ প্রকৌশলী (টেলিকম), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা। (বাংলাদেশ রেলওয়ের ওয়েবসাইটে স্থায়ীভাবে সংরক্ষণের প্রয়োজনীয় ব্যবস্থাগ্রহণের অনুরোধসহ)

সিএসটিই (টেলিকম) এর দপ্তর	
অতিঃ সিএসটিই (টেলিকম)	
ডিএসটিই (টেলিকম) সদর	
ডিডি (টেলিকম)	
ডিডি (সিগে), ওডি (সিগে)	
এস.এস.ই/এস.এস.ই/এস.এস.ই/এস.এস.ই	
ডায়েরী নং	৩৬